

শ্রেণি: নবম

বিষয়: বাংলা ১ম(বাংলা সাহিত্য)

আজকের পাঠ: শিক্ষা ও মনুষ্যত্ব

উৎস:

শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি মোতাহের হোসেন চৌধুরীর 'সংস্কৃতি কথা' প্রবন্ধের 'মনুষ্যত্ব' প্রবন্ধের অংশবিশেষ।

বিশেষ বিশেষ লাইনের ব্যাখ্যা:

১) ক্ষুৎপিপাসার ব্যাপারটি মানবিক করে তোলাই এর অন্যতম কাজ-

ক্ষুৎপিপাসা বলতে ক্ষুধা ও তৃষ্ণা। অর্থাৎ জীব হিসাবে জীবের অঙ্গত্ব রক্ষার জন্য যে সকল প্রয়োজন তার কথা বলা হয়েছে। মানুষের জীবনে খাদ্য গ্রহণ ও পিপাসা মেটানো আবশ্যিক। শিক্ষা গ্রহণের ফলে মনুষ্যত্ব লাভের সাথে ক্ষুধা ও তৃষ্ণা অর্থাৎ অর্থনৈতিক দিকটার ও সমাধান করে।

২) শিক্ষার অপ্রয়োজনীয় দিকই শ্রেষ্ঠ দিক-

শিক্ষার মাধ্যমে মানুষ তার মূল্যবোধ ও মনুষ্যত্ববোধ জাহাত করতে পারে। তাই শিক্ষার এই অপ্রয়োজনীয় দিকটিই শ্রেষ্ঠ দিক।

৩) অর্থ চিন্তার নিগড়ে সকলেই বন্দি-

মানুষ তার জীবনধারণের জন্য অর্থের প্রয়োজনকে সর্বোচ্চ গুরুত্ব দেয়ার ফলে জীবসত্ত্বের ঘরের বিশ্ঙেল অবস্থায় নিজেকে আবদ্ধ করে রাখে।

৪) মানবজীবনে শিক্ষা সোনা ফলাতে পারবেনা-

এখানে লেখক সোনা বলতে মনুষ্যত্বলাভকে বুঝিয়েছেন।

শিক্ষা মানুষের মানবিক দিক গুলোর উন্নয়ন সাধন করে। তাই শিক্ষা ছাড়া মানুষের এই মানবিক দিকগুলোর অর্জন করা সম্ভব নয়।

৫) প্রাণিত্বের বাঁধন থেকে মুক্তি -

লেখক প্রাণিত্বের বাঁধন থেকে মুক্তি বলতে অর্থচিন্তা থেকে মুক্তি লাভের কথা বলেছেন।

৬) 'বেশিরভাগ মানুষই যে তিমিরে সেই তিমিরে থেকে যাবে।'

লেখক এখানে শিক্ষার প্রকৃত উদ্দেশ্য অর্থাৎ অর্থচিন্তা বা অর্থ উপার্জনই প্রধান কাজ নয় একথাটা মানুষকে বোঝাতে হবে। তা না হলে দু এজন হয়তো নিজ উদ্দেশ্যে এর প্রকৃত উদ্দেশ্য শিখবে কিন্তু বেশিরভাগ মানুষই শিক্ষার প্রকৃত উদ্দেশ্য না জেনে অন্ধকারে থেকে যাবে।

নিজে থেকে জ্ঞানমূলক প্রশ্ন তৈরি ২০টি।

অনুধাবনমূলক

১. ‘অর্থ চিন্তার নিগড়ে সকলে বন্দি’ – কীভাবে? ব্যাখ্যা কর।
 ২. মানব জীবনে সোনা ফলাতে পারে না কেন?
 ৩. মূল্যবোধ বা মনুষ্যত্ববোধ বলতে কী বোঝা?
 ৪. শুধু সমাজব্যবস্থার সুশৃঙ্খলার দ্বারা জীবনের উন্নয়ন সম্ভব নয় কেন?
 ৫. ‘কারাবুদ্ধ আহার ত্রুটি মানুষের মূল্য কতটুকু?’ – এখানে ‘কারাবুদ্ধ’ বলতে কী বোঝানো হয়েছে?
 ৬. লেখক মানুষের জীবনকে একটি দোতলা ঘরের সঙ্গে তুলনা করেছেন কেন?
১. তুর্য ও তুহিন দুই জন ভালো বন্ধু। দুজনই উচ্চ শিক্ষায় শিক্ষিত। পেশাগত জীবনে তুর্য বড় ব্যবসায়ী। গাড়ি, বাড়ি, টাকা-কড়ি কোনা কিছুই অভাব নেই তার। সবাই তাকে এক নামে চেনে। আর তুহিন শিক্ষকতাকে পেশা হিসেবে বেছে নেয়। গত সিডরে তাদের গ্রাম লগ্নভগ্ন হয়ে যায়। এ সময় তুহিন তার ছাত্রদের নিয়ে ত্রাণ সামগ্রী সংগ্রহ করে অসহায় মানুষদের কাছে পৌঁছে দেয়। তাদের আশ্রয়ের ব্যবস্থা করে। অথচ, তুর্য ছুটে এসে সাহায্যের বদলে অসহায় মানুষদের কাছ থেকে নামমাত্র মূল্যে বিঘার পর বিঘা জমি কিনে নেয়।
- ক) মানব জীবনে মুক্তির জন্য মোতাহের হোসেন চৌধুরী কয়টি উপায়ের কথা বলেছেন?
- খ) আত্মার অমৃত উপলব্ধি করা যায় না কেন?
- গ) উদ্দীপকের তুর্যের মাঝে ‘শিক্ষা ও মনুষ্যত্ব’ প্রবন্ধের যে দিকটি প্রকাশিত হয়েছে, তা ব্যাখ্যা কর।
- ঘ) শ্যামলের কাজে শিক্ষার অগ্রয়োজনীয় দিকটি উপস্থিতি শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর।
২. একবার পাহম নামের এক লোককে একটা সুযোগ দেওয়া হলো যে সন্ধ্যার আগে যে সীমানাটুকু সে ঘুরে আসতে পারবে, সেই পুরো জমিটাই তার হবে। শর্তানুসারে সে দৌড়াতে শুরু করল। যখন প্রায় সন্ধ্যা তখন সে দেখে, যে জায়গা থেকে সে রওনা দিয়েছিল তার ধারে কাছেও সে আসতে পারেনি। বরং প্রচণ্ড তেষ্ঠা আর ক্লান্তি নিয়ে মুহূর্তেই তার মৃত্যু ঘটে।
- ক) মোতাহের হোসেন চৌধুরী কোন জেলায় জন্মগ্রহণ করেন?
- খ) ‘লেফাফাদুরস্তি আর শিক্ষা এক কথা নয়’- ব্যাখ্যা করো।
- গ) পাহম চরিত্রের করমন পরিণতি ‘শিক্ষা ও মনুষ্যত্ব’ প্রবন্ধের কোন দিকটিকে স্মরণ করিয়ে দেয়, আলোচনা করো।
- ঘ) পাহমের মতো লোকদের মানসিকতা পরিবর্তনই ‘শিক্ষা ও মনুষ্যত্ব’ প্রবন্ধের মূল উদ্দেশ্য, মূল্যায়ন করো।